আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**25 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

=================================================================

(১) রাজ্যের বিভিন্ন প্রান্তের সঙ্গে বরাক উপত্যকায়ও প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর জন্ম শতবার্ষিকী সুশাসন দিবস হিসেবে পালিত/

(২) আসাম পুলিশের অভিযানে কোকরাঝাড় থেকে দুজন জেহাদী গ্রেপ্তার/

(৩) মণিপুর, মিজোরাম সহ দেশের পাঁচটি রাজ্যে নতুন রাজ্যপাল নিযুক্তি/

এবং

(৪) সমগ্র বিশ্বের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ ধর্মীয় রীতিনীতি মেনে উৎসাহ উদ্দীপনায় বড়দিন উদযাপিত/

---------------------------------------------------------------------------------

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর জন্ম শতবার্ষিকী উপলক্ষে আজ সমগ্র দেশে সু-শাসন দিবস পালন করা হচ্ছে । আসামেও ভারত রত্ন সম্মানে ভূষিত এই রাজনীতিবিদের প্রতি শ্রদ্ধাঞ্জলী প্রদানের উদ্দেশ্যে রাজ্য সরকারের উদ্যোগে সু-শাসন দিবসের কার্যসূচি গ্রহণ করা হয় । এই কার্যসূচির অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গৌহাটি আদাবারীর অটল উদ্যানে অটল স্মৃতি মূর্তির আবরণ উন্মোচন করেন ।মুখ্যমন্ত্রী একই সঙ্গে বাজপেয়ীর জীবন ,কর্ম তথা দেশের প্রতি তার অবদান ভিত্তিক একটি প্রদর্শনীর উদ্বোধন করেন। এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অংশ

গ্রহণ করে বলেন যে অটল বিহারী বাজপেয়ী একজন রাজনৈতিক কর্মী , রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের একজন প্রচারক , জনসংঘের কর্মকর্তা এবং সভাপতি , ভারতীয় জনতা পার্টির জাতীয় সভাপতি ছিলেন। তিনি দেশের প্রধানমন্ত্রী হিসেবে তিনবার দায়িত্ব পালন করে দেশকে সমৃদ্ধ করেছিলেন। প্রগতির নতুন পথ প্রশস্ত করেছিলেন । অটল বিহারী বাজপেয়ী আসামের বিভিন্ন অঞ্চল ভ্রমন করে রাজ্যের সঙ্গে এক নিবিড় সম্পর্ক গড়ে তুলেছিলেন বলে মন্তব্য করে মুখ্যমন্ত্রী বলেন যে আসামের সমস্যা এবং প্রগতির পথে প্রতিবন্ধকতা সমূহ দূর করতে তিনি দৃঢ় সংকল্প গ্রহণ করেছিলেন । অটল বিহারী বাজপেয়ী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করে উত্তর-পূর্ব উন্নয়ন দপ্তর অর্থাৎ ডোনার মন্ত্রনালয় গঠন করেছিলেন বলেও তিনি উল্লেখ করেন । তিনি উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের জন্য কেন্দ্রীয় বাজেটের ১০ শতাংশ ব্যায় করার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন ।প্রসঙ্গত মুখ্যমন্ত্রী প্রয়াত প্রধানমন্ত্রী অটল বিহারি বাজপেয়ীকে একজন শান্তির দূত হিসেবে বর্ণনা করেন । ডক্টর শর্মা এর আগে আজ সকালে গৌহাটি বেলতলার ভারতীয় জনতা পার্টীর কার্যালয়ে সু-শাসন দিবসের একটি কার্যসূচিতে অংশ গ্রহণ করেন ।

বরাক উপত্যকায়ও আজকের দিনটি সু-শাসন দিবস হিসেবে পালন করা হয়েছে । এই উপলক্ষে  অটল বিহারী বাজপেয়ী স্মারক সমিতি ও কাছাড় জেলা বি জে পি-র উদ্যোগে আজ সকালে মধুরামুখে মহাসড়কের জিরো পয়েন্টে বি জে পি নেতা , মন্ত্রী , সাংসদ , বিধায়ক ও দলীয় কর্মীরা অটল বিহারী বাজপেয়ীর প্রতিমূর্তীতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন । পরে আয়োজিত এক সভায় স্মারক সমিতির সভাপতি নিত্য ভুষণ দে , শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , মন্ত্রী কৌশিক রাই প্রমুখ প্রয়াত প্রধানমন্ত্রীর জীবনের বিভিন্ন দিক নিয়ে বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় নেহেরু যুব কেন্দ্র সংগঠনের পরিচালনায় ও মণিয়ারখালের স্বেচ্ছাসেবী সংগঠন বাণীশক্তি ক্লাবের সহযোগীতায় আজ বানীশক্তি ক্লাব প্রাঙ্গণে সকাল ৯ টায় প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর জন্মশতবার্ষিকী সুশাসন দিবস হিসেবে উদযাপন করা হয়েছে । বাণীশক্তি ক্লাবের উপদেষ্টা সমরেশ চৌধুরীর পৌরহিত্যে অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা অটল বিহারী বাজপেয়ীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান ।

---------------------------------------------------------------------------------------------

অটল বিহারী বাজপেয়ীর জন্মশতবার্ষিকীতে আজ শ্রীভূমি জেলার শম্ভুসাগর উদ্যানের পুনরায় উদ্বোধন করা হয়েছে । রাজ্যের মন্ত্রী কৃষ্ণেন্দু পালের হাত দিয়ে দীর্ঘদিন ধরে

আবর্জনা ও জঙ্গলের দখলে থাকা ঐতিহ্যবাহী শম্ভুসাগর পার্কটির উদ্বোধন করা হয় । নতুন বছর শুরুর আগেই শ্রীভূমি পুরসভা নবরূপে শম্ভুসাগর উদ্যানকে সাজিয়ে তুলেছে । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস সহ দলের কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম পুলিশের বিশেষ কর্মীবাহিনী আজ কোকরাঝাড় থেকে ২ জন জেহাদীকে গ্রেপ্তার করে সন্ত্রাসবাদী কার্যকলাপ ব্যর্থ করা সহ প্রচুর পরিমানের অস্ত্র-শস্ত্র এবং বিস্ফোরক সামগ্রী জব্দ করেছে । আসাম পুলিশের মুখ্য জনসংযোগ আধিকারিক জানিয়েছেন যে একটি গোপন সূত্রের খবরের ভিত্তিতে এই বিশেষ কর্মীবাহিনী অভিযান চালিয়ে গতরাত্রে কোকরাঝার থেকে জেহাদী ২ জনকে আটক করতে সক্ষম হয়েছে । গ্রেপ্তার করা আব্দুল জাহিদ শেখ এবং সবির মির্ধা আর্ন্তজাতিক সন্ত্রাসবাদী সংগঠনের সদস্য বলে সন্দেহ করা হচ্ছে । তাদের কাছ থেকে প্রাথমিকভাবে ৪টি হস্তনির্মীত রাইফেল , গ্রেনেড এবং প্রচুর পরিমানের বিস্ফোরক সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে পুলিশ সুপার পার্থ সারথি মহন্তের নেতৃত্বে বিশেষ কর্মীবাহিনী অপারেশন প্রঘাটের অধীনে এ পর্যন্ত সমগ্র রাজ্য থেকে ১০ জন সন্ত্রাসবাদীকে গ্রেপ্তার করেছে ।

---------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু মনিপুর ও মিজোরাম সহ দেশের ৫টি রাজ্যে নতুন রাজ্যপাল নিযুক্তি দিয়েছেন । প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী জেনারেল বিজয় কুমার সিং-কে মিজোরামের রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । এছাড়া , মিজোরামের বর্তমান রাজ্যপাল ডক্টর হরিবাবু কাম্ভামপতিকে ওড়িষ্যার রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । ওড়িষ্যার বর্তমান রাজ্যপাল রঘুবর দাসের পদত্যাগের পর ডক্টর হরি বাবু কাম্ভাবপতিকে এই দায়িত্বভার অর্পন করা হয়েছে । প্রাক্তন স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লাকে মনিপুরের নতুন রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । এদিকে , বিহারের রাজ্যপাল হিসেবে কার্যনির্বাহ করা রাজেন্দ্র বিশ্বনাথ আর্লোকারকে কেরলের রাজ্যপাল হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষ ( এন এইচ এ আই ) জাতীয় সড়কগুলির পাশে মালিক বিহীন গরুর আশ্রয় শিবির স্থাপন করার পরিকল্পনা হাতে নিয়েছে । পথ সুরক্ষা নিশ্চিত করতে এবং পশুর জন্য সংঘটিত সম্ভাব্য দুর্ঘটনা হ্রাস করার উদ্দেশ্যেই এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । সড়ক পরিবহণ এবং মহাসড়ক মন্ত্রনালয় এক বিবৃতিতে

জানিয়েছে যে যাত্রীদের জন্য একটি সুরক্ষিত ভ্রমণ অভিজ্ঞতার পরিবেশ সৃষ্টি করা সহ জাতীয় সড়কের পাশে থাকা মালিক বিহিন গরু এবং অন্যান্য জীব-যন্তুর রক্ষনণাবেক্ষণ নিশ্চিত করর লক্ষ্য নিয়েই এই পাইলট প্রকল্প গ্রহণ করা হয়েছে । এই পদক্ষেপের ফলে জাতীয় সড়কের দুর্ঘটনা হ্রাস পাবে বলে আশা করা হচ্ছে । প্রাথমিক পর্যায়ে নির্ধারিত কয়েকটি রাজ্যের মহাসড়কের পার্শবর্তী স্থানে এই শিবর স্থাপন করা হবে এবং পরবর্তীতে সমগ্র দেশের মহাসড়কগুলির পার্শবর্তী স্থানে এই পাইলট প্রকল্প সম্প্রসারিত করা হবে বলে মন্ত্রনালয় জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------

বিশ্বের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসামেও আজ যীশুখ্রীস্টের আবির্ভাব দিবস উপলক্ষে বড়দিন উদযাপন করা হচ্ছে । এই উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্থানের গীর্জাগুলিকে সুন্দর করে সাজিয়ে তোলা হয়েছে । খ্রীস্ট ধর্মাবলম্বী লোকেরা আজ এই বিশেষ দিনে গীর্জাগুলিতে সমবেত প্রার্থনায় মিলিত হয়েছেন । এছাড়া ক্যারোলের মাধ্যমেও পরিবেশ মুখরিত করে তোলা হচ্ছে । গুয়াহাটির বিভিন্ন গীর্জায় আজ দুপুরে এবং সন্ধ্যায় বড়দিনের সমবেত প্রার্থনা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া রাত পর্যন্ত নানা স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । বড়দিনকে কেন্দ্র করে রাজ্যের জাতি-ধর্ম নির্বিশেষে সকলের মধ্যে উৎসবের আমেজ পরিলক্ষিত হচ্ছে ।

এদিকে বড়দিন উপলক্ষে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতেও বিশেষ উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে । বিভিন্ন গীর্জায় সমাজে শান্তি ও সম্বৃদ্ধি কামনা করে প্রার্থনা করা হয়েছে । কোহিমা, শিলঙ, আইজল, তুরা ইত্যাদি সহ উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন স্থানে গীর্জা সহ সরকারী-বেসরকারী প্রতিষ্ঠান, বাসগৃহ, দোকান-পাট, বাজার, বাণিজ্যিক প্রতিষ্ঠান প্রভৃতিকে ফুল ও আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে । বিশেষ করে মেঘালয়ের রাজধানী শিলঙ শহর বর্তমানে বড়দিনের আনন্দ উল্লাসে বিভোর হয়ে রয়েছে । শিলঙে বড়দিনের আনন্দ উপভোগ করার জন্য দেশ-বিদেশের বহু পর্যটকের সমাগম ঘটেছে । বড়দিনের আনন্দ উৎসবে অংশগ্রহণের জন্য নাগাল্যান্ড, মিজোরাম ও মেঘালয়ে বেশকয়েকদিনের বন্ধ ঘোষণা করা হয়েছে । বিভিন্ন স্থানে আগামীকাল পারস্পরিক সমবেত ভোজেরও আয়োজন করা হয়েছে । এছাড়া ত্রিপুরা, অরুণাচল প্রদেশ এবং সিকিমে অন্যান্য ধর্মের লোকেরাও আজ বড়দিন উপলক্ষে উৎসবের আনন্দে মেতে উঠেছেন । অন্যদিকে মণিপুরের সাম্প্রতিক সাম্প্রদায়িক সংঘর্ষের পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ঐ রাজ্যের পার্বত্য এবং উপত্যকা অঞ্চলে বড়দিনের আনন্দ-উল্লাস কিছুটা ম্লান পরিলক্ষিত হয়েছে।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ উৎসাহ উদ্দীপনায় বড়দিন উদযাপন করা হচ্ছে । উপত্যকার বিভিন্ন স্থানে গীর্জাগুলিকে আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে । গতকাল ক্রীসমাস ইভের সন্ধ্যায় এবং আজ ক্রীসমাসের দিনে শিলচর সহ কাছাড় জেলার বিভিন্ন গীর্জায় বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়েছে । উপত্যকার ঐতিহ্যবাহী গীর্জা- লক্ষ্মীপুরের আলীপুর গীর্জা, বদরপুরের মিশন রোডের গীর্জা, মাকুন্দার গীর্জা ইত্যাদি সহ শিলচরের ওরিয়েন্টাল স্কুলের গীর্জা হলিক্রসের গীর্জা, শিলচর আদালতের সামনের গীর্জা ইত্যাদিতে আজ বড়দিন উপলক্ষে বিশেষ ভীড় পরিলক্ষিত হচ্ছে । বিশেষ করে শহরের গীর্জাগুলিতে আজ সন্ধ্যা থেকে কম বয়সী ছেলেমেয়েদের ভিড় ছিল চোখে পড়ার মতো । এছাড়া ডিমা হাসাও জেলায় বড়দিনের উৎসব উপলক্ষে জনসাধারণ উৎসাহ উদ্দীপনা দেখা গেছে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করে পঞ্চম ও অষ্টম শ্রেণীতে পুনরায় পাশ ফেল প্রথা চালু করার যে সিদ্ধান্ত নিয়েছে, তা সারা ভারত গণতান্ত্রিক ছাত্র সংস্থা- এ আই ডি এস ও'র ক্রমাগত আন্দোলনের আংশিক জয় বলে সংগঠনটির পক্ষ থেকে দাবি করা হয়েছে । সংগঠনের সাধারণ সম্পাদক শিবাশিস প্রহরাজ আজ এক প্রেস বার্তায় একথা জানিয়ে আরো বলেছেন যে- দেশের শিক্ষাবিদ, অভিভাবক, শিক্ষক ও শিক্ষাপ্রেমী জনসাধারণ এবং ছাত্রছাত্রীরা প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত পাশ-ফেল প্রথা পুনরায় ফিরিয়ে আনার দাবিতে আন্দোলন চালিয়ে আসছিলেন । এবং এই আন্দোলনের পরিপ্রেক্ষিতেই সরকার পঞ্চম এবং অষ্টম শ্রেণীতে পাশ-ফেল প্রথা চালু করলেও তাদের সম্পূর্ণ দাবি পূরণ হয়নি বলে তিনি মন্তব্য করেছেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য ও অসামরিক সরবরাহ এবং গণবন্টন ও খনি ও খনিজ দ্রব্য এবং বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই আগামীকাল হাইলাকান্দি আসছেন । তিনি আগামীকাল সকাল সাড়ে দশটায় হাইলাকান্দি পুলিশ অতিথিশালায় পৌঁছে বিজেপির এক সভায় মিলিত হবেন । এরপর তিনি বোয়ালিপারে ধান সংগ্রহ কেন্দ্র পরিদর্শন করে পরে শ্রীভূমি চলে যাবেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার জনসাধারণকে রাজ্যসরকারের চলতি অরুণোদয় প্রকল্পের সুবিধা গ্রহণ করার জন্য কোন ধরণের প্রতারণায় না পড়তে এবং জাল আবেদন পত্র থেকে সাবধান থাকতে জেলা প্রশাসন থেকে সতর্ক করে দেওয়া হয়েছে । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে অরুণোদয় প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য হিতাধিকারীরা নকল

আবেদন পত্রের মাধ্যমে প্রতারণার শিকার হচ্ছেন এবং এ ধরণের জালিয়াতির মাধ্যমে তারা বিপথগামী হচ্ছেন । এর পরিপ্রেক্ষিতে শ্রীভূমি জেলা প্রশাসন থেকে অরুণোদয় প্রকল্পের প্রকৃত হিতাধিকারীদের এই প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য জেলা পর্যায়ের মনিটরিং কমিটির সদস্যদের সঙ্গে যোগাযোগ করে আবেদনপত্র সংগ্রহ্ এবং জমা দিতে পরামর্শ প্রদান করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------